

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-০২ (লেভেল-৪,৫,৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।  
[www.bfsa.gov.bd](http://www.bfsa.gov.bd)

## প্রেস রিলিজ

(বিএফএসএ) ও নিউজিল্যান্ড হাইকমিশনের মধ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত:

**১৮ মে ২০২২, বুধবার:**

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ(বিএফএসএ) ও নিউজিল্যান্ড হাইকমিশনের মধ্যে আজ বুধবার ১৮ মে ২০২২ খ্রিষ্টাব্দে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।


উক্ত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল কাইউম সরকার। নিউজিল্যান্ড হাইকমিশন, নয়াদিল্লী থেকে উপস্থিত ছিলেন ডেপুটি হাইকমিশনার মিস্টার ব্রেন্ট রেপসন।

দুপুর দেড়টায় শুরু হওয়া এ সভায় নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরেন বিএফএসএ'র সদস্য জনাব মঞ্জুর মোর্শেদ আহমেদ। উভয়পক্ষ বাংলাদেশে কীভাবে নিরাপদ খাদ্য নিশ্চিতের পরিবেশ তৈরী করা হয়, তা নিয়ে আলাপ-আলোচনা করেন এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে নিউজিল্যান্ডকে সব সময় পাশে পাবে বলে অভিহিত করেন ডেপুটি হাইকমিশনার।

ইতপূর্বে বিএফএসএ ও মিনিষ্ট্রি অব প্রাইমারি ইন্ডাস্ট্রি, নিউজিল্যান্ড এর মধ্যকার একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। তারাই ধারাবাহিকতায় আজকের এই মতবিনিময় সভা।

বাংলাদেশ এবং নিউজিল্যান্ডের পারস্পরিক বাণিজ্য এবং খাদ্য নিরাপদতা বৃদ্ধিতে এই সমঝোতা স্মারক এর কার্যকারিতা এবং বাস্তবায়ন নিয়ে আশাবাদ ব্যক্ত করেন ডেপুটি হাই কমিশনার ব্রেন্ট রেপসন।

এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সদস্য জনাব মোঃ রেজাউল করিম ও শাহনওয়াজ দিলরুবা খান, বিএফএসএ সচিব জনাব আব্দুন নাসের খান এবং নিউজিল্যান্ড কনসুলেট অফিসের কর্মকর্তা জনাব নিয়াজ আহমেদ।



১৮-০৫-২০২২

আবুল হাসনাত

পিআরও

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ফোন: ০১৭১৮২৭৫৭৮৫